

নামিয়েছিলেন আনিসুল ওঠালেন আতিকুল

সায়ম সারু, জ্যেষ্ঠ প্রতিবেদক

প্রকাশিত: ১০:০২ পি.এম, ০৩ জানুয়ারি ২০১৮



নগরপিতাকে হারিয়ে কাঁদছে নগরবাসী। হৃদয়ে রক্তক্ষরণ হচ্ছে এখনও। পুরোদস্তুর রাজনৈতিক ছিলেন না কিন্তু উন্নয়ন আর ভালোবাসা দিয়ে রাজনৈতিক মাঠেও আপন হলেন। যে উদ্যোগ আর উন্নয়নের পসরা সাজিয়ে নগরবাসীর মন জয় করেছিলেন সদ্য প্রয়াত মেয়র আনিসুল হক, তার মধ্যে অন্যতম কারণ ছিল পোস্টার আর বিলবোর্ড অপসারণ।

মেয়র আনিসুল হক পোস্টার আর বিলবোর্ড অপসারণ করে শ্রীহীন নগরের শ্রী বাড়ালেও মেয়র প্রার্থী আতিকুল ইসলাম অসংখ্য পোস্টার লাগিয়ে ভোট প্রত্যাশা করছেন। ভোট চাওয়া আর উন্নয়নে আনিসুল হকের দেখানো পথ ছবুছ অনুসরণ করতে চাইলেও নিজের ছবি সম্বলিত বড় বড় পোস্টার আর বিলবোর্ড লাগিয়ে নগরের রূপ নষ্ট করছেন বলে অনেকের অভিযোগ।

মেয়র আনিসুল হক দায়িত্ব নেয়ার পর থেকেই রাজধানীর রূপ বাড়ানোর জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন। প্রথমেই উদ্যোগ নিয়েছিলেন পোস্টার আর বিলবোর্ড অপসারণের। যদিও বড় চ্যালেঞ্জ ছিল তার জন্য। একাগ্রতা আর প্রতিশ্রুতিবদ্ধ থাকার কারণেই শেষ পর্যন্ত পোস্টার, বিলবোর্ড সরানোয় সফল হয়েছিলেন। সরিয়েছিলেন বড় বড় রাজনৈতিক নেতার ছবি সম্বলিত বিলবোর্ডও। এমনকি সিটি কর্পোরেশনের পক্ষ থেকে বরাদ্দ দেয়া বিলবোর্ডও নামিয়েছিলেন।



আনিসুল হকের এই উদ্যোগে দম ফেলতে পারছিল রাজধানীবাসী। বিশ্রী নগরীতে খানিক রূপ ঢালতে পারছিলেন এই বিলবোর্ড সরিয়েই। সবে মাস পেরিয়েছে আনিসুল হকের মৃত্যুর। আর তাতেই পোস্টারে পোস্টারে ছেয়ে যাচ্ছে রাজধানী উত্তর সিটি কর্পোরেশন।

আনিসুল হকের স্থলাভিষিক্ত হতে চাওয়া খোদ আতিকুল ইসলামও পোস্টারে ছেয়ে দিচ্ছেন রাজধানী। সরকারি দল আওয়ামী লীগের পক্ষ থেকে মনোনয়ন পাবেন এমন প্রত্যাশায় মাঠে নেমেছেন সাবেক বিজিএমইএ সভাপতি আতিকুল ইসলাম। ইতোমধ্যে আওয়ামী লীগ সভাপতি প্রধানমন্ত্রীর শেখ হাসিনার সঙ্গেও সাক্ষাৎ করেছেন তিনি।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করার পর থেকেই নগরে বড় বড় পোস্টার লাগাতে থাকেন এই ব্যবসায়ী। বিশেষ করে নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে গত ৩০ ডিসেম্বর রাত থেকেই আতিকুলের ছবি সম্বলিত পোস্টার দেখা যায় নগরে। আতিকুল ইসলামের অসংখ্য পোস্টার এখন উত্তর সিটির বিভিন্ন পয়েন্ট, রাস্তার পাশে দেখা যাচ্ছে।

মেয়র প্রার্থী আতিকুল ইসলামের এমন পোস্টার দেখে নগরের অনেকেই উন্মাদ প্রকাশ করছেন। গুলশানের এক ব্যবসায়ী বলেন, ‘আমরা অবাক হয়েছি। এভাবে ভোট চাওয়ার দিন তো শেষ। সবাই এখন বোঝেন। আনিসুল হক পোস্টার আর বিলবোর্ডের বিরুদ্ধে রীতিমত যুদ্ধ ঘোষণা করেছিলেন। আর আতিকুল ইসলাম নির্বাচনের আগেই পোস্টার, বিলবোর্ড লাগিয়ে ভোট চাইছেন। এতে অন্যরাও উৎসাহিত হবেন। ফের নগরের সৌন্দর্য নষ্ট হবে বলে শঙ্কা তৈরি হয়েছে।

এএসএস/জেএইচ/জেআইএম